01 SEP 2016

তারিখ ... AUG 2016
পৃষ্ঠা ... ১৫ কলাম ... ৪

দৈনিক
জনকণ্ঠ

# চবিতে ভর্তির আবেদন শুরু আজ

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে অনার্স (সম্মান) প্রথম বর্ষের ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। বুধবার সন্ধ্যায় নগরীর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চারুকলা ইনস্টিটিউট মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে ভর্তি কার্যক্রমের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. ইফতেখার উদ্দিন চৌধুরী।

ভর্তিচ্ছুরা আজ ১ সেপ্টেম্বর থেকে আগামী ২৫ সেপ্টেম্বর পর্যন্ত টেলিটক মোবাইলে সিমের মাধ্যমে আবেদন করতে পারবেন। অনুষ্ঠানে উপাচার্য বলেন, প্রতিবারের মতো এবারও টেলিটক মোবাইল অপারেটরের মাধ্যমে ভর্তির আবেদন করতে পারবেন ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। এ প্রক্রিয়া আগামী ২৫ সেপ্টেম্বর পর্যন্ত চলবে। তিনি জানান, এবার ভর্তি পরীক্ষা ২৩ অক্টোবর থেকে শুরু হয়ে ৩১ অক্টোবর পর্যন্ত চলবে। ভর্তি পরীক্ষা সম্পর্কিত সব তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www. cu.ac.bd) পাওয়া যাবে।